

৯ নং রূপাপাত ইউনিয়ন পরিষদের মে/২০২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মিজানুর রহমান মোল্লা
সভার স্থান : ইউপি সভা কক্ষ
তারিখ : ৩১/০৫/২০২৩ খ্রিঃ
সময় : দুপুর ১২. ৩০ ঘটিকা

সভায় উপস্থিত : পরিশিষ্ট “ক”
সভায় অনুপস্থিত : পরিশিষ্ট “খ”

আলোচ্য বিষয় সমূহ :

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
- ২। প্রস্তাবিত বাজেট/২০২৩ অনুমোদন প্রসঙ্গে।
- ৩। বিবিধঃ

সভার শুরুতে সভাপতি মিজানুর রহমান মোল্লা (ইউপি চেয়ারম্যান) সাহেব উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি ইউনিয়ন পরিষদের সকল ইউপি সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করেন।

১নং আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত : সভায় সভাপতি সাহেব এর আদেশ ক্রমে ইউপি সচিব বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং এতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতি ক্রমে গ্রহন ও অনুমোদন করা হয়।

২নং আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত :-

অদ্যকার সভার সভাপতি (ইউপি চেয়ারম্যান) সাহেব জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ৯ নং রূপাপাত ইউনিয়ন পরিষদে যে বাজেট প্রকাশ করা হয়েছে তাহা সভায় অনুমোদন করে উদ্ধর্তন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ৯ নং রূপাপাত ইউনিয়ন পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করে উদ্ধর্তন কর্তৃপক্ষের নীকট প্রেরণের সিদ্ধান্ত সভায় গৃহিত হয়।

অতঃপর সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্ত করেন।



মিজানুর রহমান মোল্লা
চেয়ারম্যান
৯নং রূপাপাত ইউনিয়ন পরিষদ
বোয়ালমারী, ফরিদপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৯নং রূপাপাত ইউনিয়ন পরিষদ কার্যালয়
সুতালিয়া, বন্ডপাশা, বোয়ালমার, ফরিদপুর

স্মারক নং রূপাঃ/ইউপি/সাঃ/সভা/ ২০২৩-

তারিখঃ ৩১/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য প্রেরন করা হলোঃ-

- ১) জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২) উপ পরিচালক (উপ সচিব) স্থানীয় সরকার শাখা, ফরিদপুর।
- ৩) উপজেলা চেয়ারম্যান, বোয়ালমারী, ফরিদপুর।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
- ৫) ইউপি সদস্য/সদস্য সকল ৯নং রূপাপাত ইউনিয়ন পরিষদ।
- ৬) অফিস নথী।



মিজানুর রহমান মোল্লা
চেয়ারম্যান
৯নং রূপাপাত ইউনিয়ন পরিষদ
বোয়ালমারী, ফরিদপুর।